



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশাসন/ ৭২২ /সিরাজগঞ্জ-১৩৭

তারিখঃ ২৬.০১.২০২০খ্রি.

বিষয়: করশালিকা রহমানিয়া আলিম মাদ্রাসার সহকারী শিক্ষক জনাব মো: আবদুস সাত্তারকে চাকুরীতে পুনর্বহাল প্রসঙ্গে

উপর্যুক্ত বিষয়ের আলোকে সিরাজগঞ্জ জেলার শাহজাদপুর উপজেলাধীন করশালিকা রহমানিয়া আলিম মাদ্রাসার সহকারী শিক্ষক জনাব মো: আবদুস সাত্তারকে বোর্ডের অনুমোদন ব্যতিরেকে মাদ্রাসার ম্যানেজিং কমিটি কর্তৃক চূড়ান্ত বরখাস্ত করা হয়। মাদ্রাসা কর্তৃপক্ষের জবাব দৃষ্টে দেখা যায় সহকারী শিক্ষক জনাব মো: আবদুস সাত্তার এর বিরুদ্ধে সুনির্দিষ্ট কোন অভিযোগ নেই। কোন শিক্ষককে চূড়ান্ত বরখাস্ত করার পূর্বে ১৯৭৯ সালের বেসরকারী মাদ্রাসা শিক্ষকদের চাকুরীর শর্তাবলী প্রবিধানমালা, ১৯৭৯ ও বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা, ২০০৯ এর প্রবিধান ৪১(২)(ঘ) মোতাবেক বোর্ডের পূর্বানুমোদন আবশ্যিক।

বর্ণিত অবস্থায় সহকারী শিক্ষক জনাব মো: আবদুস সাত্তার এর বিরুদ্ধে সুনির্দিষ্ট কোন অভিযোগ না থাকায়, বিধি মোতাবেক বরখাস্ত না করায় ও কোন ধরনের বিভাগীয় কার্যধারা না থাকায় এবং তার দায়েরকৃত মামলা প্রত্যাহার করায় সহকারী শিক্ষক জনাব মো: আবদুস সাত্তারকে পত্র প্রাপ্তির ১৫ (পনের) কার্য দিবসের মধ্যে স্বপক্ষে পুনর্বহাল করে অত্র বোর্ডকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

বি:দ্র: বিষয়টি অতীব জরুরী।



২৬.০১.২০২০

মোঃ সিদ্দিকুর রহমান
রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬১২৮৫৮

প্রাপক:

- ১) সভাপতি,
করশালিকা রহমানিয়া আলিম মাদ্রাসা,
করশালিকা, শাহজাদপুর, সিরাজগঞ্জ
- ২) অধ্যক্ষ,
করশালিকা রহমানিয়া আলিম মাদ্রাসা,
করশালিকা, শাহজাদপুর, সিরাজগঞ্জ
- ৩) জনাব মো: আবদুস সাত্তার (সহকারী শিক্ষক)
করশালিকা রহমানিয়া আলিম মাদ্রাসা


২৬/১/২০২০

নং-বামাশিবো/প্রশাসন/ ৭২২ /সিরাজগঞ্জ-১৩৭

তারিখঃ ২৬.০১.২০২০খ্রি.

সদস্য অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি:

১. জেলা প্রশাসক, সিরাজগঞ্জ;
২. জেলা শিক্ষা অফিসার, সিরাজগঞ্জ;
৩. উপজেলা নির্বাহী অফিসার, শাহজাদপুর, সিরাজগঞ্জ;
৪. পি ও টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৫. পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৬. অফিস কপি।

মোঃ ওমর ফারুক
উপ রেজিস্ট্রার (প্রশাসন)
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬৭৪৮৭৪